# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯০

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৬. তাওয়াফে এবং সাফা ও মারওয়ার মাঝে সাঈ করার সময় আল্লাহর যিকির করা

بَاب الذِّكْرِ فِي الطَّوَافِ وَالسَّعْيِ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي زِيَادٍ عَنْ الْقَاسِمِ عَنْ عَائِشَةَ قَالَتْ إِنَّمَا جُعِلَ الطَّوَافُ بِالْبَيْتِ وَرَمْيُ الْجِمَارِ وَالسَّعْيُ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ لِإِقَامَةِ ذِكْرِ اللَّهِ قَالَ أَبُو عَاصِمٍ كَانَ يَرْفَعُهُ

## বাংলা

১৮৯০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, বায়তুল্লাহর তাওয়াফ, সাফা ও মারওয়ার মাঝে সা’ঈ করা ও কংকর নিক্ষেপের ব্যবস্থা করা হয়েছে আল্লাহর যিকির কায়েম করার জন্যই।

রাবী আবী আসিম বলেন, তিনি এটি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে মারফূ’ হিসেবে বর্ণনা করতেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আহমাদ ৬/৭৫; আবূ দাউদ, মানাসিক ১৮৮৮; তিরমিযী, হাজ্জ ৯০২; ইবনু আদী, আলকামিল ৪/১৬৩৫। পূর্ণ তাখরীজের জন্য পরবর্তী হাদীসটি দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82173

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন